দৈনিক ইত্তেফাক

তারিখ 20 AUG 1994
পৃষ্ঠা ৫ কলাম ৬

34

# দাখিল পরীক্ষার পাসের হার ৭৫.৪২

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (শুক্রবার) মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯৪ সালের দাখিল পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। পাসের হার ৭৫ দশমিক ৪২।

পরীক্ষায় অংশগ্রহণকারী মোট ৫৯ হাজার ৮০৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৭ হাজার ৬৭৬ জন প্রথম বিভাগ, ২৬ হাজার ৯৬০ জন দ্বিতীয় বিভাগ ও ১০ হাজার ৪৭৫ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে।

সাধারণ গ্রুপে অংশগ্রহণকারী

(১০ম পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## দাখিল পরীক্ষা

(১ম পৃঃ পর)

পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৫৫ হাজার ৩৪০ জন। ইহাদের মধ্যে ৬ হাজার ২২৭ জন প্রথম ২৫ হাজার ২৮১ জন দ্বিতীয় এবং ১০ হাজার ৩১৬ জন তৃতীয় বিভাগ পাইয়াছে। এই গ্রুপে পাসের হার শতকরা ৭৫ দশমিক ৫৮।

বিজ্ঞান গ্রুপে অংশগ্রহণকারী মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩ হাজার ২৪৭। ইহাদের মধ্যে ১ হাজার ৩১৯ জন প্রথম, ১ হাজার ২শত জন দ্বিতীয় এবং ৪৮ জন তৃতীয় বিভাগ পাইয়াছে। এই গ্রুপে পাসের হার ৭৯ দশমিক ০৫।

মজাব্বিদ গ্রুপে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ হাজার ১৯৮ জন। ইহাদের মধ্যে ১২৫ জন প্রথম, ৪৭৩ জন দ্বিতীয় এবং ১১১ জন তৃতীয় বিভাগ পাইয়াছে। এই গ্রুপে পাসের হার ৫৯ দশমিক ১৮। হিফজুল কুরআন গ্রুপে অংশগ্রহণকারী মোট ২১ জন পরীক্ষার্থীর মধ্যে ১১ জন পাস করিয়াছে।

দাখিল পরীক্ষার সম্মিলত মেধা তালিকায় প্রথম স্থান (যুগ্মভাবে অধিকার করিয়াছে কুমিল্লা ধামতি ইসলামিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র মোহাম্মদ আজাদুর রহমান ও রামপুর বাজার দাঃ সুঃ সিনিয়র মাদ্রাসার (চাঁদপুর) ছাত্র মোঃ দেলোয়ার হোসাইন। ইহা ছাড়া সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় : মোহাম্মদ আলী, বেগুণহাটি সিনিয়র মাদ্রাসা গাজীপুর। তৃতীয় : মুহাম্মদ ইব্রাহীম মিয়া, ফরাজিকান্দি ওয়াইছিয়া আলীয়া মাদ্রাসা (চাঁদপুর)। ৪র্থ : মোঃ আবু ইউছুফ, ধামতি ইসলামিয়া আলীয়া মাদ্রাসা, কুমিল্লা। ৫ম : মোহাম্মদ এমদাদুল হক, ফরাজীকান্দি ওয়াইছিয়া আলীয়া মাদ্রাসা চাঁদপুর। ৬ষ্ঠ : মোহাম্মদ আব্দুর রহমান, তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা, ঢাকা। ৭ম: (যুগ্মভাবে) মোহাম্মদ রেদওয়ানুল ইসলাম, তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা, ঢাকা, মোঃ রফিকুল ইসলাম, বেলঘরিয়া দাখিল মাদ্রাসা, রাজশাহী। ৮মঃ মোঃ শামসুস সাআদাত, ফরাজীকান্দি ওয়াইছিয়া আলীয়া মাদ্রাসা, চাঁদপুর। ৯মঃ মুহাম্মদ জাহিদুল ইসলাম, ছারছীনা দাঃ সুঃ আলীয়া মাদ্রাসা, পিরোজপুর। ১০ম : আমেনা আখতার, নেদয়ে ইসলাম মহিলা মাদ্রাসা, চাঁদপুর। ১১তমঃ মীর মোঃ জিয়াউল ইসলাম, কড়ই নুরুল হুদা আলীয়া মাদ্রাসা, জয়পুরহাট। ১২তমঃ (যুগ্মভাবে) নূর মোহাম্মদ, তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা, ঢাকা ও মুহাম্মদ সিরাজুম মুনীর, ছারছীনা দাঃ সুঃ আলীয়া মাদ্রাসা পিরোজপুর। ১৩তম : মোঃ শফিকুল ইসলাম, মহাখালী দাঃ উঃ হোঃ সিঃ মাদ্রাসা, ঢাকা। ১৪তমঃ (যুগ্মভাবে) মোস্তাফিজুর রহমান, বরগুনা দাঃ উঃ নেঃ সিঃ মাদ্রাসা ও মোহাম্মদ ওলিউর রহমান চিশতী, তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা ঢাকা। ১৫তম : (যুগ্মভাবে) মুহাম্মদ তাজুল ইসলাম, ছারছীনা দাঃ সুঃ আলীয়া মাদ্রাসা, পিরোজপুর ও আবু বকর সিদ্দিক, দুর্বাটি এম, ইউ আলীয়া মাদ্রাসা গাজীপুর। ১৬তম : মোঃ জামাল হোসেন, বরগুনা দাঃউঃনেঃসিঃ মাদ্রাসা। ১৭তম : (যুগ্মভাবে) আমিনুল ইসলাম, ইসলামিয়া আলীয়া মাদ্রাসা কুমিল্লা, মাহমুদুল হাসান, পুষ্পপাড়া আলীয়া মাদ্রাসা পাবনা ও মুহাম্মদ আবু তৈয়ব, চট্টগ্রাম নেছা : আলীয়া মাদ্রাসা। ১৮তম : (যুগ্মভাবে) আতাউল হক সিরাজী, সুফিয়া নূরীয়া সিনিয়র মাদ্রাসা, চট্টগ্রাম, মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন, বরগুনা দাখিল উঃ নেঃ সিঃ মাদ্রাসা। ১৯তম : (যুগ্ম ভাবে) সাইয়েদ মোঃ আনোয়ার খালেদ, ধামতি ইসলামিয়া আলীয়া মাদ্রাসা কুমিল্লা, মোঃ আবু সাইয়েদ আবদুল্লাহ, ক্ষিদ্রকালিকাপুর দাঃ উঃ সিনিয়র মাদ্রাসা, নওগাঁ, মোঃ ইমাম হোসেন, মধুগ্রাম জিনার হাট সিনিয়র মাদ্রাসা, ফেনী। ২০তম : (যুগ্মভাবে) আনিসুর রহমান, হোগলাপাতি নেছাঃ ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা, পিরোজপুর ও শরিফুল ইসলাম, খেদাপাড়া, গাংলিয়া সিনিয়র মাদ্রাসা যশোর।